দৈনিক ইত্তেফাক

MAR. 10 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৩... কলাম ......৩....

ঢাবিতে পর্নো ভিসিডি কেলেঙ্কারী

# অভিযুক্ত রোকনুজ্জামানকে আজীবনের জন্য বহিষ্কার করা হতে পারে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ প্রেমিকাকে ফাঁদে ফেলে পর্ণো ভিডিও সিডি তৈরীর অভিযোগে 'অভিযুক্ত' ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতা রোকনুজ্জামান খানকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবনের জন্য বহিষ্কার করা হতে পারে বলে জানা গেছে। রোকনকে পুলিশ হন্য হয়ে খুঁজছে। কয়েকমাস পূর্বে রোকন তার কলেজ পড়ুয়া প্রেমিকাকে নিয়ে

(১৪শ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## ঢাবিতে পর্ণো ভিসিডি

(৩য় পৃঃ পর)

অন্তরঙ্গ মুহূর্তের দৃশ্য গোপনে ধারণ করে ভিডিও সিডি আকারে বাজারে ছাড়লে বিষয়টি জানাজানি হয়। পরে বিভিন্ন দৈনিকে এ বিষয়ে প্রতিবেদন ছাপা হলে বিশ্ববিদ্যালয়ে নিন্দার ঝড় ওঠে। এ ঘটনার পর রোকন নিজে গা ঢাকা দেয়। পুলিশ তার অস্থায়ী ঠিকানায় বেশ কয়েকবার খোঁজাখুঁজি করলেও গ্রেফতার করতে পারেনি।

**দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছে ছাত্রলীগ**

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বেগ শাহীন জাহান ও সাধারণ সম্পাদক একে এম আজিম এক বিবৃতিতে বলেছেন, রোকন নামের ছাত্রলীগের কোনো নেতা বঙ্গবন্ধু হলে কখনো ছিল না এবং বর্তমানেও নেই। আমরা এই নরাধম যেই রোকনই হোক না কেন তার দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করছি। নেতৃবৃন্দ অবিলম্বে রোকনকে বিশ্ববিদ্যালয় থেকে আজীবন বহিষ্কারসহ দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান।

**ছাত্রদলের নিন্দা**

ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন এবং সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন এক বিবৃতিতে বলেন, এই নোংরামির প্রতিবাদ করার ভাষা আমাদের জানা নেই। এই ঘটনা ছাত্রলীগ নেতৃবৃন্দকে কতটা স্পর্শ করেছে জানি না- কেন না ইতিপূর্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে তারা শতাধিক ছাত্রীকে ধর্ষণ করেছিল। এখন তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তিকে কালিমালিপ্ত করছে। নেতৃবৃন্দ অবিলম্বে রোকনের গ্রেফতার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান।